**ছাতনা চণ্ডীদাস মহাবিদ্যালয়**

**অনলাইন ভর্তির সাধারণ নিয়মাবলিঃ ২০২৩-২৪**

উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় ২০২১ , ২০২২ ও ২০২৩ সালে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা স্নাতক স্তরে ভর্তি হতে আগ্রহী হলে অনলাইনে রেজিস্ট্রেশন ফর্ম ফিলাপ করার সুযোগ পাবে। ২০২১ সালের পূর্বে উচ্চ-মাধ্যমিক পাশ করা ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে না। সরকারি নির্দেশ অনুযায়ী যতদিন না ক্লাস শুরু হচ্ছে,ততদিন পর্যন্ত কোন ছাত্র-ছাত্রী বা অভিভাবক ভর্তির জন্য মহাবিদ্যালয়ে আসবেন না।

- এবছর অর্থাৎ ২০২৩-২৪ Academic year থেকে চার বছরের স্নাতক পাঠক্রম চালু হচ্ছে। এই পাঠক্রম অনুযায়ী একটি মেজর সাবজেক্ট এবং একটি মাইনর সাবজেক্ট পছন্দ করতে হবে। এই পাঠক্রমে তিন বছর পাঠ সম্পূর্ণ হলে সাধারণ স্নাতক ডিগ্রী পাওয়া যাবে মেজর সাবজেক্ট এর উপর। বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট নিয়ম অনুযায়ী ছাত্র-ছাত্রীকে চতুর্থ বছরের পাঠক্রম পছন্দ করতে হবে যেখানে অনার্স অথবা অনার্স উইথ রিসার্চ এই দুটি পাঠক্রম থাকবে। এটি নির্ধারিত হবে ছাত্র-ছাত্রীর আবেদন এবং তিন বছরের প্রাপ্ত স্কোরের উপর ভিত্তি করে।
- ভর্তি সংক্রান্ত কোন সমস্যা থাকলে নিম্নলিখিত হেল্পলাইনে যোগাযোগ করা যাবে। হেল্পলাইন নং : ৯৪৩৪৫২১২০৯, ৯৪৭৫৫৮৫৫১৮, ৯৬১৪৩৮০৯০১, ৯৯৩৩৬১১৭৮৮, ৯০০৭৯৩৩৮০৫, ৭০০১১৩৮৩৯৮, ৭৭৯৭৭১৫২৫১। সকাল 10:00(A.M)থেকে বিকেল 3:00 (P.M) পর্যন্ত হেল্পলাইনএ ফোন করা যাবে।
- ছাতনা চণ্ডীদাস মহাবিদ্যালয় এর ওয়েবসাইটে (www.ccmv.in) গিয়ে Online admission 2023-24 এই লিংকটিতে ক্লিক করে 1st জুলাই ২০২৩ থেকে 15th জুলাই ২০২৩ পর্যন্ত রেজিস্ট্রেশন ফর্ম ফিলাপ করা যাবে। এই রেজিস্ট্রেশন ফর্ম ফিলাপের জন্য কোন অর্থ প্রদান করতে হবে না। এছাড়াও আমাদের মহাবিদ্যালয় এডমিশন পোর্টাল www.ccmvadmission.in এ গিয়ে সরাসরি ফর্ম ফিলাপ রেজিস্ট্রেশন করা যাবে।
- রেজিস্ট্রেশন ফরম ফিলাপের সময় মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের মার্কশিট এডমিট, রেজিস্ট্রেশন সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট, পিএইচ সার্টিফিকেট, নিজের পাসপোর্ট সাইজ ছবি এবং সই এগুলি স্ক্যান করে আপলোড করতে হবে।
- একজন ছাত্র/ছাত্রী রেজিস্ট্রেশন ফর্ম ফিলাপের সময় সর্বাধিক তিনটি মেজর সাবজেক্ট সিলেক্ট করতে পারবে। মাইনর সাবজেক্ট ভর্তির সময় নির্দিষ্ট কম্বিনেশন সাবজেক্ট গুলির তালিকা থেকে একটি পছন্দ করতে হবে।
- মেরিট লিস্ট পাবলিশ হওয়ার পর নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তির কি প্রদান করে ভর্তি হতে হবে অন্যথায় সে আর ভর্তির সুযোগ পাবে না একজন ছাত্র-ছাত্রী মোট তিনবার অনলাইনে সাবজেক্ট পরিবর্তন করার সুযোগ পাবে। এই সাবজেক্ট পরিবর্তনের জন্য কোন এক্সট্রা ফি প্রদান করতে হবে না। কিন্তু কোন মেরিট লিস্টে নাম থাকা সত্ত্বেও সে যদি অনলাইনে সাবজেক্ট পরিবর্তন সাফল্যের সঙ্গে না করতে পারে তাহলে পরবর্তীকালে কলেজে এই সংক্রান্ত পরিবর্তন হবে না।
- এই মহাবিদ্যালয় মেজর সাবজেক্ট হিসেবে যেগুলি প্রদান করবে সেগুলি হল বাংলা, ইংরেজি, ইতিহাস, সমাজতত্ব, রাষ্ট্রবিজ্ঞান, সংস্কৃত এবং শিক্ষাবিজ্ঞান।
- উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হলেই যে কোন ছাত্র-ছাত্রী স্নাতক স্তরে ভর্তি হতে পারবে একটি মেজর সাবজেক্ট নিয়ে। ভোকেশনাল থেকে আসা ছাত্র-ছাত্রীরাও একইভাবে একটি মেজর সাবজেক্ট নিয়ে স্নাতক স্তরে ভর্তি হতে পারবে।
- পেমেন্ট সংক্রান্ত কোন ভুল হলে তৎক্ষণাৎ 9475585518 এই ফোন নম্বারে হোয়াটসঅ্যাপে নথি প্রদান করতে হবে এবং উত্তরের অপেক্ষা করতে হবে। এছাড়াও হেল্পলাইন নম্বরের মাধ্যমে কলেজে বিষয়টি জানাতে হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ও তার সংশোধিত রুপ ছাতনাচণ্ডীদাস মহাবিদ্যালয়ের ওয়েবসাইট www.ccmv.in এ অথবা www.ccmvadmission.in এই পোর্টালটিতে পাওয়া যাবে। তবে অনলাইনে ভর্তি পক্রিয়াটি সম্পন্ন হবে www.ccmvadmission.in –এই ওয়েব সাইটে।
- প্রথম মেধা তালিকা প্রকাশিত হবে ২০/০৭/২০২৩ বিকাল ৪ টায়। মেধা তালিকায় কনফার্মে থাকা ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট সময়ের মধ্যে বিষয় নির্বাচন করে অনলাইনে ভর্তির ফি জমা করতে হবে। ভর্তির জন্য নির্দিষ্ট সময় পেরিয়ে গেলে আর ভর্তি হওয়া যাবে না।
- মেধা তালিকায় কনফার্মে থাকা ছাত্র-ছাত্রীদের এসএমএসের মাধ্যমে সেটি জানিয়ে দেওয়া হবে সে ক্ষেত্রে ছাত্র-ছাত্রীকে রেজিস্ট্রেশনের সময় মোবাইল নাম্বারটি সঠিকভাবে প্রদান করতে হবে। তবে কোনো কারণে এসএমএস না গেলে তার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। তাই ছাত্রছাত্রীকে মেধাতালিকা প্রকাশের দিন কলেজের ওয়েবসাইট এবং ভর্তির পোর্টালটি লক্ষ্য রাখতে হহবে
- দ্বিতীয় মেধা তালিকা প্রকাশিত হবে ৩ দিন পর। প্রথম ও দ্বিতীয় মেধা তালিকা প্রকাশিত হওয়ার পর প্রতি দুই দিন অন্তর একটি করে মেধা তালিকা প্রকাশিত হবে। তবে মেধা তালিকার জন্য ছাত্রছাত্রীদের মহাবিদ্যালয়ের ওয়েব-সাইট www.ccmvadmission.in দেখতে হবে।
- স্নাতক স্তরে ভর্তির ফি ৩০০০ টাকা। বিশ্ববিদ্যালয় নির্ধারিত রেজিস্ট্রেশনফি,এনরোলমেন্টফি, স্পোর্টস ফি বা প্রসেসিংফি এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি। বিশ্ববিদ্যালয়ে নাম নথিভুক্ত করার সময় রেজিস্ট্রেশন বা অন্যান্য ফি বিশ্ববিদ্যালয় যা ধার্য করবে তা পৃথকভাবে নেওয়া হবে, যা ছাত্রছাত্রীকে অনলাইনে প্রদান করতে হবে। **এছাড়াও প্রতি** সেমেস্টারে **ছাত্রছাত্রীদের** বিশ্ববিদ্যালয় **নির্ধারিত Examinination fee প্রদান করতে হবে যা প্রতি** সেমেস্টারে **পরীক্ষার পূর্বে** বিশ্ববিদ্যালয় জানিয়ে দেবে।
- **1st semester পরীক্ষার পর 2nd, 3rd, 4th, 5th, and 6th semester এ প্রত্যেক ছাত্রছাত্রীকে ভর্তি হতে হবে এবং enrolment করতে হবে।**
- প্রথম বর্ষের অর্থাৎ ১ম সেমেস্টারে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে যারা ভর্তি হবে তাদের ভর্তির সময় অনলাইনে ভর্তি ফী প্রদান করতে হবে। প্রতিটি মেরিট লিস্ট প্রকাশিত হবার পর ছাত্রছাত্রীরা ২ দিন সময় পাবে ভর্তি ফী প্রদান করার জন্য। ভর্তির ফী সম্পূর্ণ ফেরত যোগ্য নয়। ভর্তি হওয়ার ১ মাসের মধ্যে ফেরতের জন্য আবেদন করলে কলেজ তা বিবেচনা করবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণরূপে বন্ধ হওয়ার ৩ মাসের মধ্যে ১০০০ টাকা ফেরত দেবে। বাকি টাকা ফেরত যোগ্য নয়।
- প্রতিটি বিষয়ের (মেজর ও মাইনর) নির্দিষ্ট সিট মহাবিদ্যালয়ের ওয়েব সাইটে (ccmv.in) পাওয়া যাবে।
- ফর্মফিল-আপের সময় প্রতিটি ছাত্র-ছাত্রীদের নিজস্ব ইমেল আই.ডি, ফোন নং, ওয়াটসঅ্যাপ নং অবশ্যই দিতে হবে। কারণ পরবর্তী তিন বছর এগুলির মাধ্যমেই যাবতীয় বিজ্ঞপ্তি পৌঁছাবে।
- ছাত্রীদের অতি অবশ্যই কন্যাশ্রী আই. ডি দিতে হবে।
- ক্লাস শুরু হওয়ার সময় মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক পরীক্ষার যাবতীয় অরিজিনাল প্রমানপত্র (Admit card and Marksheets of MP and HS, Caste Certificate, Income certificate , Voter and Adhar Card) এবং রেজিস্ট্রেশন ও ভর্তি ফি- এর অনলাইন পেমেন্ট চালান প্রভৃতি ভেরিফিকেশন হবে। সেই সময় প্রতিটি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত (Self Attested) জেরক্স, দুই কপি পাশপোর্ট মাপের ফটো এবং অনলাইন ফর্মের প্রিন্ট-আউট মহাবিদ্যালয়ে জমা দিতে হবে।এক্ষেত্রে কোন রকম ত্রুটি প্রমাণিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।

********